

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
সার্ক ও বিমস্টেক অনুবিভাগ
বিমস্টেক শাখা
ঢাকা

নং- ১৯.০০.০০০০.৩১৬.৩৩.০২৩.১৭/২৩৮

তারিখঃ ১৭ সেপ্টেম্বর ২০১৭

প্রেরক : মোঃ জসীম উদ্দিন
সহকারী সচিব (বিমস্টেক)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া
মহাপরিচালক-১
প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

বিষয় : আগামী ২২ সেপ্টেম্বর ২০১৭ তারিখে ভারতের নয়াদিল্লীতে অনুষ্ঠিতব্য প্রথম “BIMSTEC Track 1.5 Security Dialogue Forum”-এ বাংলাদেশ প্রতিনিধি দলের দলনেতা হিসেবে যোগদানের জন্য জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া, মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়-এর ভারত সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে

জনাব,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে আগামী ২২ সেপ্টেম্বর ২০১৭ তারিখে ভারতের নয়াদিল্লীতে অনুষ্ঠিতব্য প্রথম “BIMSTEC Track 1.5 Security Dialogue Forum”-এ বাংলাদেশ প্রতিনিধি দলের দলনেতা হিসেবে যোগদানের জন্য আপনার অনুকূলে সরকারি প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

০২। এ প্রশাসনিক মঞ্জুরি নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবে :

- উপর্যুক্ত সভায় অংশগ্রহণকাল (ভ্রমণকাল, ট্রানজিটকাল সহ) সরকারি কাজে কর্তব্যরত বলে গণ্য হবে এবং আপনার বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- স্থানীয় আতিথেয়তা আয়োজনকারী কর্তৃপক্ষ বহন করবে বিধায় আপনার যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং অন্যান্য আনুষঙ্গিক ভাতাদি আপনার কার্যালয়ের ২০১৭-১৮ অর্থবছরের জন্য বরাদ্দকৃত বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে বিকলন করা হবে;
- উপর্যুক্ত সভায় যোগদানের জন্য আপনি আগামী ২১ সেপ্টেম্বর ২০১৭ বা তার নিকটবর্তী তারিখে ঢাকা ত্যাগ করবেন এবং ২৩ সেপ্টেম্বর ২০১৭ বা তার নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন;
- অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করবেন না।

০৩। জনস্বার্থে ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

sd./

(মোঃ জসীম উদ্দিন)

সহকারী সচিব (বিমস্টেক)

ফোনঃ ৯৫৭১১৭৭, ফ্যাক্সঃ ৯৫৫৫২৮৩


E-mail: asbimstec@mofa.gov.bd

নং- ১৯.০০.০০০০.৩১৬.৩৩.০২৩.১৭/২৩৮

তারিখঃ ১৭ সেপ্টেম্বর ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহাপরিচালক (প্রশাসন/ সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। পরিচালক (এফএমও/এফএসও/এসএমও/অর্থ/ সংস্থাপন/ সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। অফিস কপি।


(মোঃ জসীম উদ্দিন)
সহকারী সচিব (বিমস্টেক)
১৭/০৯/২০১৭